দৈনিক খবর

তারিখ 11 JAN 1988

পৃষ্ঠা ... 1 কলাম 7 ...

009

# অবিলম্বে সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলার দাবী

!! বিশ্ববিদ্যালয় রিপোর্টার !!

বিশ্ববিদ্যালয় বন্ধের প্রতিবাদে ও অবিলম্বে সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়া এবং ছাত্র-রাজবন্দীদের মুক্তির দাবীতে ২২টি ছাত্র সংগঠন গতকাল বৃহস্পতিবার দেশব্যাপী বিক্ষোভ সমাবেশ করেছে।

এ দাবীতে তারা আগামী ৭ই জানুয়ারী শিক্ষা মন্ত্রণালয় ও উপজেলা শিক্ষা অফিসের সামনে বিক্ষোভ প্রদর্শনের কর্মসূচী দিয়েছে।

দেশব্যাপী কর্মসূচীর অংশ হিসেবে গতকাল সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন ছাত্রনেতা আসাদুজ্জামান রিপন। বক্তব্য রাখেন ছাত্রনেতা শাহাবুদ্দিন ও আবদুল্লাহ-আল-মামুন। ঘোষণা পাঠ করেন নূর আহমেদ বকুল।

সভায় অবিলম্বে শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার দাবী জানান হয় এবং সরকারের পতনের লক্ষ্যে সর্বদলীয় সংগ্রাম কমিটি গঠনের আহবান জানান হয়।

সভাশেষে ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্যের কার্যালয়ের সামনে বিক্ষোভ প্রদর্শন করা হয়।

সভার ঘোষণায় রাজনৈতিক উদ্দেশ্যে বার বার বিশ্ববিদ্যালয়সহ শিক্ষাঙ্গন বন্ধ করার বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার জন্যে ছাত্র-শিক্ষক- কর্মচারী তথা গোটা দেশবাসীর প্রতি আহবান জানান হয়। হলগুলো খুলে দিয়ে ক্লাস শুরু করার জন্যেও কর্তৃপক্ষের প্রতি আহবান জানান হয়।

অভ্যন্তরীণ রাজনীতিতে অযাচিত হস্তক্ষেপের কারণে মার্কিন রাষ্ট্রদূতকে দেশ থেকে বহিষ্কার করার জন্যেও ঘোষণায় দাবী করা হয়।